

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

عَنْ

أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا مُدِحَ الْفَاسِقُ غَضِبَ الرَّبُّ تَعَالَى وَاهْتَزَّ لَهُ الْعَرْشُ» رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

বাংলা

৪৮৫৯-[৪৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন কোন পাপী লোকের প্রশংসা করা হয়, আল্লাহ তা'আলা ক্রুদ্ধ হন এবং তার প্রশংসার কারণে আল্লাহ তা'আলার 'আরশ কেঁপে ওঠে। ('বায়হাকী'র 'ভ'আবুল ঈমানে'' বর্ণনা করেছেন।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৪৮৮৬, য'ঈফ জামি' ১৭০৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ''আবূ খক্ষ'' নামের একজন বর্ণনাকারী, ইনি একজন য'ঈফ রাবী। ''আল মীযানে'' ইমাম যাহাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এই বর্ণনাকারীকে ইবনু মা'ঈন মিথ্যুক বলেছেন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৩৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِذَا مُدِحَ الْفَاسِقُ) যখন কোন ফাসিক বা পাপাচারী ব্যক্তির প্রশংসা করা হয়। যেমন তাকে সাইয়িদ বা সর্দার বলে সম্বোধন করা হয়।

(وَاهْتَزَّ لَهُ الْعَرْشُ) তখন আল্লাহ তা'আলা প্রশংসাকারীর ওপর রাগান্বিত হন। (غَضِبَ الرَّبُّ تَعَالَى) এবং তার উক্ত প্রশংসা করার কারণে 'আরশ প্রকম্পিত হয়।



'আল্লামা ত্বীবী (রহিমাহ্ল্লাহ) বলেনঃ 'আরশ প্রকম্পিত হওয়ার অর্থই হলো বিরাট কোন কাজ সংঘটিত হওয়া। কেননা তাতে সম্ভুষ্ট প্রকাশ করা হয় যাতে আল্লাহ অসম্ভুষ্ট এবং রাগাম্বিত হন। বরং সে কুফরীর একদম কাছে পৌঁছে যায়। কেননা সে যেন আল্লাহ যা হারাম করেছে তা হালাল বানিয়ে ফেলে; আর এটা বর্তমানে ব্যাপক মহামারীর আকার ধারণ করেছে। অধিকাংশ 'আলিম, কবি-সাহিত্যিক এবং লোক দেখানো কুরআনের কারীদের মধ্যে। আর এটা যদি ফাসিকের প্রশংসা করার বিধান হয় তাহলে যারা যালিমের প্রশংসা করে এবং তাদের শরণাপন্ন হয় তাদের কি অবস্থা কি হবে? অথচ আল্লাহ বলেছেন- وَلَا تَرْكَنُوا إِلَى النَّذِينَ طْلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ (সূরাহ্ হূদ ১১ : ১১৩)। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন